# অস্ত্রসহ দুই এনসিপি নেতা রংপুর বিশ্ববিদ্যালয় এলাকায় আটক



সংগৃহীত ছবি

রংপুরের বিশ্ববিদ্যালয় এলাকায় অস্ত্রসহ দুই এনসিপি নেতা সাধারণ ছাত্র-জনতার হাতে আটক হয়েছেন। পরে তাদের পুলিশে হস্তান্তর করা হয়। আটকরা হলেন মো. রাগিব ও তুষার।

পুলিশ ও স্থানীয়রা জানায়, সোমবার (১৭ নভেম্বর) রাতে পার্কের মোড়ে কাওছার একাডেমির সামনে পূর্ববিরোধের জেরে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। পরিস্থিতি শান্ত করার চেষ্টা করতে গিয়ে তুষার ও রাগিব হঠাৎ উত্তেজিত হয়ে পিস্তল বের করেন এবং গুলি করার হুমকি দেন। তখন উপস্থিত ছাত্র-জনতা তাদের দ্রুত ধাওয়া করে আটক করে থানায় পাঠায়।

প্রত্যক্ষদর্শী আব্দুল হাকিম বলেন, “আগে এক মারামারির জের ধরে অর্ত নামের যুবককে একদল বাইক আরোহী কাওছার একাডেমির সামনে আনে। স্থানীয়রা বিষয়টি শান্ত করতে চাইছিল। ঠিক তখনই ভুক্তভোগীর মামা পরিচয়ে দুই নেতা এসে পিস্তল বের করে হুমকি দেন। পরে সবাই মিলে তাদের আটক করে পুলিশের হাতে তুলে দেওয়া হয়।”

তাজহাট থানার এসআই মো. মোসাদ্দেক জানিয়েছেন, “আটক ব্যক্তিদের কাছ থেকে অস্ত্র জব্দ করা হয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে বিস্তারিত তথ্য প্রকাশ করা হবে।”

LENS ASIA